

মুর্শিদাবাদ জেলার ফেরী চলাচলের ক্ষেত্রে যাত্রী নিরাপত্তা সুনিশ্চিত করার  
নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা সমূহ

এতদ্বারা মুর্শিদাবাদ জেলার ভূমি ও ভূমি সংস্কার দপ্তর হইতে প্রাপ্ত সমস্ত ফেরী পরিষেবা  
প্রদানকারী লীজগ্রহীতাগণকে জানানো যাইতেছে যে নদীতে নৌকা পারাপারের সময় :-

১. যাত্রী নিরাপত্তাকে সর্বাধিক গুরুত্ব দিতে হইবে।
২. জনসাধারণের জ্ঞাতার্থে প্রত্যেকটি জেটিতে এবং মোটর বোটে যাত্রী ও মাল  
বহনের ক্ষমতা সম্পর্কিত প্রকাশ্য বিজ্ঞপ্তি লাগাইতে হইবে।
৩. কোনো অবস্থাতেই নৌকায় বহন ক্ষমতার চেয়ে বেশি লোক/মালপত্র নেওয়া  
যাইবেনা।
৪. প্রতিটি নৌকাতেই জলে ভেসে থাকিবার উপযোগী টায়ার / টিউব, লাইফ  
জ্যাকেট, দাঁড়ি প্রভৃতি যথোপযুক্ত জীবনরক্ষাকারী বস্তু মজুত রাখিতে হইবে।
৫. প্রতি নৌকাতে কত লোক উঠিতেছে তাহার হিসাব রাখিবার জন্য টিকিটের  
ব্যবস্থা করিতে হইবে।
৬. নদীর পাড়ে এবং নৌ পারাপারের জেটিতে যাত্রী নিরাপত্তার সমস্ত ব্যবস্থা  
রাখিতে হইবে।
৭. লীজপ্রাপ্ত সংস্থাকে তাহাদের নৌকা ও অন্যান্য সরঞ্জামের নিয়মিত রক্ষণাবেক্ষণ  
(সার্ভিসিং এবং মেনটেনান্স) করিতে হইবে।
৮. উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত এবং লাইসেন্সধারী ব্যক্তিকে নৌকা চালানো ও  
তৎসংলগ্ন এবং তৎসংক্রান্ত কার্যে নিয়োগ করিতে হইবে।
৯. নৌকা জেটিতে অতিরিক্ত নৌকা ও মাঝি/চালকের ব্যবস্থা রাখিতে হইবে, যাতে  
কোনো বিপদ ঘটিলে তৎক্ষণাৎ উদ্ধার কার্য শুরু করা যায়।
১০. ৩৫০ বর্গফুটের কম আয়তনের এবং ১২ ফুট প্রস্থের কম নৌকা, যাত্রী  
পারাপারের কার্যে ব্যবহার করা যাইবেনা।
১১. এই নিরাপত্তা সংক্রান্ত উপরে উল্লিখিত বিধি এবং এই সংক্রান্ত অন্যান্য  
সরকারী নির্দেশ অমান্য করিলে লীজপ্রাপ্ত সংস্থার লীজ বাতিল বা প্রত্যাহার  
করা হইবে এবং ফৌজদারী দণ্ডবিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

আদেশানুসারে

অতিরিক্ত জেলা সমাহর্তা এবং  
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক,  
মুর্শিদাবাদ